## তহবিল হইতে অগ্রিম:

### অগ্রিম মঞ্জুরকারী কর্তৃপক্ষ। বিধি-১৩ (১)

তহবিলে সঞ্চিত অর্থ হইতে নিম্নোক্ত কর্তৃপক্ষগণ অগ্রিম মঞ্জুর করিতে পারিবেন, যথা :-

(এ) গৃহ নির্মাণ ও বিশেষ বিবেচনার উদ্দেশ্যে প্রদত্ত অগ্রিম ব্যতীত অন্য উদ্দেশ্যে অগ্রিম গেজেটেড কর্মকর্তাদের ক্ষেত্রে বিভাগীয় প্রধান মঞ্জুর করিতে পারিবেন, অগ্রিম গ্রহণকারী কর্মকর্তা নিজেই বিভাগীয় প্রধান হইলে উক্ত ক্ষেত্রে সরকার অগ্রিম মঞ্জুর করিবেন। ননগেজেটেড কর্মচারীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মচারীর অফিস প্রধান অগ্রিম মঞ্জুর করিবেন। তবে অফিস প্রধানের নিম্নপদস্থ কোনো কর্মকর্তা অগ্রিম গ্রহণকারী কর্মচারীর নিয়োগকারী কর্তৃপক্ষ হইলে উক্ত ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ অগ্রিম মঞ্জুর করিতে পারিবেন;

(বি) অনুচ্ছেদ-(এ) তে বর্ণিত মঞ্জুরকারী কর্তৃপক্ষের পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষ গৃহ নির্মাণ এবং বিশেষ বিবেচনার উদ্দেশ্যে প্রদেয় অগ্রিম মঞ্জুর করিবেন। তবে বিভাগীয় প্রধানের অধস্তন কর্মকর্তাদের ক্ষেত্রে উক্ত অগ্রিম বিভাগীয় প্রধান মঞ্জুর করিবেন এবং বিভাগীয় প্রধানের উক্ত অগ্রিম সরকার মঞ্জুর করিবেন ।

(সি) অফেরতযোগ্য অগ্রিম বিভাগীয় প্রধানের অধস্তন কোনো কর্তৃপক্ষ মঞ্জুর করিতে পারিবেন না। বিভাগীয় প্রধানের অফেরতযোগ্য অগ্রিম সরকার মঞ্জুর করিবেন।

### অগ্রিমের উদ্দেশ্য। বিধি-১৩ (২)

আবেদনকারীর আর্থিক অবস্থার প্রয়োজনে এই অগ্রিম প্রয়োজন এবং উক্ত অগ্রিম নিম্নোক্ত উদ্দেশ্য ব্যতীত অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহৃত হইবে না, এই মর্মে পরিতুষ্ট না হওয়া পর্যন্ত মঞ্জুরকারী কর্তৃপক্ষ অগ্রিম মঞ্জুর করিবেন না-

(এ) আবেদনকারীর বা তাঁহার উপর প্রকৃত নির্ভরশীল ব্যক্তির দীর্ঘ অসুস্থ্যতার ব্যয় নির্বাহের উদ্দেশ্যে;

(বি) আবেদনকারীর বা তাঁহার উপর প্রকৃত নির্ভরশীল ব্যক্তির চিকিৎসা বা শিক্ষার জন্য বিদেশ গমনের ব্যয় নির্বাহের উদ্দেশ্যে;

(সি) বিবাহ, অন্তেষ্টিক্রিয়া অথবা ধর্মীয় বা সামাজিক অনুষ্ঠানাদিতে তাঁহার মর্যাদা অনুসারে অবশ্য পালনীয় ব্যয় নির্বাহের উদ্দেশ্যে;

(ডি) জীবন বীমার প্রিমিয়াম প্রদানের উদ্দেশ্যে;

(ই) বাসগৃহ নির্মাণের জন্য জমি ক্রয় বা বাসগৃহ নির্মাণ বা বাসগৃহ ক্রয় বা মেরামত, অথবা এই অনুচ্ছেদে বর্ণিত উদ্দেশ্যে গৃহীত ব্যক্তিগত ঋণ পরিশোধের উদ্দেশ্যে;

(এফ) মুসলিম চাঁদাদাতার ক্ষেত্রে প্রথমবারের হজ্জ পালনের ব্যয় নির্বাহের উদ্দেশ্যে;

(জি) নিম্নোক্ত শর্ত সাপেক্ষে মুসলিম চাঁদাদাতার স্ত্রীর অনুসুলকৃত মোহরানার দাবী পূরণের উদ্দেশ্যে-

(i) চাঁদাদাতা বিবাহের ব্যয়ের জন্য একবার অগ্রিম গ্রহণ করিয়া থাকিলে পরবর্তী পর্যায়ে মোহরানা পরিশোধের উদ্দেশ্যে পুনঃ অগ্রিম পাইবেন না;

(ii) এই অগ্রিমের পরিমাণ উপবিধি-(৩) তে উল্লেখিত পরিমাণ বা মোহরানার প্রকৃত পরিমাণ, এই দুইয়ের মধ্যে যাহা কম, উহার অধিক হইবে না এবং মোহরানার প্রকৃত পরিমাণের প্রমাণ চাঁদাদাতাকে দাখিল করিতে হইবে;

(iii) অগ্রিম গ্রহণের এক মাসের মধ্যে প্রকৃত পক্ষে মোহরানার অর্থ পরিশোধের প্রমাণ দাখিল করিতে হইবে। অন্যথায় অগ্রিম প্রদত্ত অর্থ এককালীন আদায়যোগ্য হইবে।

## অগ্রিমের পরিমাণ। বিধি-১৩ (৩) ও (৪)

১। গৃহ নির্মাণ এবং বিশেষ বিবেচনার উদ্দেশ্যে অগ্রিমের ক্ষেত্র ব্যতীত অন্যান্য প্রকার অগ্রিম চাঁদাদাতার ৩ মাসের বেতন বা তহবিলে সঞ্চিত অর্থের অর্ধেক, এই দুইয়ের মধ্যে যাহা কম, উহার অধিক হইবে না। বিশেষ বিবেচনার ক্ষেত্র ব্যতীত, সুদসহ প্রথম অগ্রিম চূড়ান্ত পরিশোধের তারিখ হইতে এক বৎসরের মধ্যে দ্বিতীয় অগ্রিম মঞ্জুর করা যাইবে না। তবে প্রথম অগ্রিম গ্রহণের সময় অগ্রিম প্রদানযোগ্য সমুদয় অর্থ গ্রহণ না করার ক্ষেত্রে প্রথম অগ্রিম চলার সময়ে ৩ মাসের বেতন বা দ্বিতীয় অগ্রিম গ্রহণের সময় তহবিলে সঞ্চিত অর্থের অর্ধেক, এই দুইয়ের মধ্যে যাহা কম, উহার সমান দ্বিতীয় অগ্রিম মঞ্জুর করা যাইবে। বিধি-১৩(৩)

২। বিশেষ বিবেচনার কারণে অগ্রিম কারণ লিপিবদ্ধ করিয়া তহবিলে সঞ্চিত অর্থের ৭৫% এবং সর্বাধিক ৩টি পর্যন্ত অগ্রিম যুগপৎভাবে মঞ্জুর করা যাইবে। কিন্তু ৩টি বা ততোধিক অগ্রিমের অর্থ অনাদায়ী থাকিলে সরকারের পূর্বানুমোদন ব্যতীত পুনঃঅগ্রিম মঞ্জুর করা যাইবে না। বিধি-১৩(৪)

(২) কোন চাঁদাপ্রদানকারী উপ-বিধি (১) এর অধীনে একাধিক ব্যক্তিকে মনোনীত করিলে প্রত্যেকের প্রাপ্য অংশ ফরম 'খ' তে নির্ধারণ করিয়া দিবেন।

(৩) চাঁদাপ্রদানকারী হিসাব রক্ষণ কর্মকর্তাকে লিখিতভাবে একটি নোটিশ দিয়া যে কোন সময় তাহার মনোনয়ন বাতিল করিতে পারিবেন, তবে অনুরূপ বাতিলকরণের সাথে সাথে তিনি উপ-বিধি (১) ও (২) অনুযায়ী নূতনভাবে মনোনয়ন দান করিবেন।

৯। **তহবিলে জমাকৃত অর্থ পরিশোধ।**—কোন চাঁদাপ্রদানকারী চাকুরী হইতে অবসর গ্রহণ বা পদত্যাগ করিলে, অথবা অপসারণ ও বরখাস্ত ব্যতীত অন্য কোন ভাবে চাকুরীচ্যুত হইলে, তাহার ভবিষ্য-তহবিল-হিসাবে সঞ্চিত অর্থ চাঁদাপ্রদানকারীকে অথবা, ক্ষেত্রমত, তাহার মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীকে পরিশোধ করিতে হইবে।

১০। **চাকুরী হইতে বরখাস্ত বা অপসারণের ক্ষেত্রে ভবিষ্য-তহবিলের অর্থ পরিশোধ।**—কোন চাঁদাপ্রদানকারী চাকুরী হইতে বরখাস্ত বা অপসারিত হইলে, তিনি শুধুমাত্র তাহার নিজের প্রদত্ত চাঁদা ও উহার উপর অর্জিত সুদ প্রাপ্ত হইবেন এবং পরিষদ প্রদত্ত চাঁদা ও উহার অর্জিত সুদ পরিষদ প্রাপ্ত হইবে।

১১। **চাঁদাপ্রদানকারীর মৃত্যুতে তহবিল হইতে তাৎক্ষণিকভাবে অর্থ প্রদান।**—কোন চাঁদা-প্রদানকারীর মৃত্যু হইলে, তাহার দাফন-কাফন বা ক্ষেত্রমত অন্ত্যেষ্টিক্রিয়া সম্পন্ন করিবার জন্য অথবা তাহার বিধবা স্ত্রী বা সন্তান-সন্ততি অথবা অন্যান্য পোষ্যবর্গকে তাৎক্ষণিকভাবে সাহায্য প্রদানের জন্য পরিষদের চেয়ারম্যান উক্ত কর্মচারীর ভবিষ্য-তহবিল-হিসাবে সঞ্চিত অর্থ হইতে অনধিক ৫০০ টাকা প্রদান করিতে পারিবেন; এবং এইরূপ কোন অর্থ প্রদান করা হইলে, উহা ভবিষ্য-তহবিল-হিসাবে সঞ্চিত অর্থ চূড়ান্তভাবে পরিশোধের সময় সমন্বয় করিতে হইবে।

১২। **চাঁদাপ্রদানকারীর নিকট হইতে পরিষদের প্রাপ্য টাকা কর্তন।**—কোন চাঁদাপ্রদানকারীর অবসর গ্রহণ, মৃত্যু বা অন্যবিধভাবে চাকুরীচ্যুতির ক্ষেত্রে, তাহার প্রাপ্য অর্থ তাহাকে চূড়ান্তভাবে পরিশোধের পূর্বে, তাহার ভবিষ্য-তহবিল-হিসাবে জমাকৃত টাকা হইতে পরিষদ ইহার প্রাপ্য টাকা কর্তন করিয়া রাখিতে পারিবেঃ

তবে শর্ত থাকে যে, পরিষদের পাওনা টাকার পরিমাণ নির্ধারণের অজুহাতে অনুরূপ পরিশোধ, চাঁদাপ্রদানকারীর উক্তরূপ চাকুরীচ্যুতির পর দুই মাসের অধিককালব্যাপী, স্থগিত রাখা যাইবে না; উক্ত সময়ের মধ্যে পাওনা টাকার পরিমাণ নির্ধারণ করা না হইলে তাহার প্রাপ্য টাকা সম্পূর্ণভাবে পরিশোধ করা যাইবে এবং পরবর্তীতে উক্ত পাওনা নির্ধারিত হইলে, উহা তাহার বা তাহার মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীর নিকট হইতে Public Demands Recovery Act, 1913 (Beng. Act. III of 1913) বিধানাবলী অনুসারে আদায় করা যাইবে।

১৩। **তহবিল হইতে অগ্রিম গ্রহণ।**—(১) কোন চাঁদাপ্রদানকারী তহবিল হইতে অগ্রিম গ্রহণ করিতে চাহিলে তিনি ফরম 'গ' এর মাধ্যমে হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট আবেদনপত্র দাখিল করিবেন; এবং উক্ত আবেদনপত্র সম্পর্কে উক্ত কর্মকর্তা সন্তুষ্ট হইলে, চেয়ারম্যানের অনুমোদনক্রমে, আবেদনকারীকে তাহার ভবিষ্য-তহবিল-হিসাবে জমাকৃত টাকার অর্ধেক, অথবা তাহার তিন মাসের বেতনের মধ্যে যাহা কম উহার সমপরিমাণ টাকা অগ্রিম মঞ্জুর করা যাইবে।

(২) নিম্নবর্ণিত উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে এই বিধির অধীনে অগ্রিম প্রদান করা যাইবে না, যথাঃ

(ক) আবেদনকারী অথবা তাহার পরিবারের কোন সদস্যের দীর্ঘদিন অসুস্থতার চিকিৎসার ব্যয় নির্বাহ;

(খ) স্বাস্থ্যগত কারণে অথবা শিক্ষার উদ্দেশ্যে আবেদনকারী অথবা তাহার পরিবারের কোন সদস্যের বিদেশ ভ্রমণের ব্যয় নির্বাহ;

(গ) আবেদনকারী অথবা তাহার পরিবারের কোন সদস্যের ধর্মীয় বা সামাজিক প্রথা অনুযায়ী বিবাহ, তাহার পরিবারের কোন সদস্যের দাফন-কাফন বা অন্ত্যেষ্টিক্রিয়া বা অন্য কোন অবশ্য পালনীয় অনুষ্ঠানের ব্যয় নির্বাহ;

(ঘ) আবেদনকারী বা তাহার পরিবারের কোন সদস্যের জীবন বীমার প্রিমিয়ামের অর্থ পরিশোধ;

(ঙ) বাসগৃহের জন্য জমি ক্রয়, বাসগৃহ নির্মাণ, বাসগৃহ ক্রয় বা মেরামত, বা এই সকল উদ্দেশ্যে ব্যয় নির্বাহের জন্য গৃহীত ব্যক্তিগত ঋণ পরিশোধ;

(চ) আবেদনকারী মুসলমান হইলে, অনধিক একবার হজ্জব্রত পালন, এবং তিনি অমুসলমান হইলে, অনধিক একবার তীর্থভ্রমণ।

১৪। **গৃহীত অগ্রিম পরিশোধ।**—(১) এই বিধিমালার অধীনে গৃহীত অগ্রিম উহা মঞ্জুরকারী কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সংখ্যক কিস্তিতে, যাহা ১২ টির কম বা ৪৮ টির অধিক হইবে না, পরিশোধযোগ্য হইবে, তবে চাঁদাপ্রদানকারী ইচ্ছা করিলে নির্ধারিত সংখ্যক কিস্তি অপেক্ষা কম সংখ্যক কিস্তিতে অগ্রিম পরিশোধ করিতে বা এক সংগে একাধিক কিস্তি জমা দিতে পারিবেন।

(২) অগ্রিম গ্রহণের পর চাঁদাপ্রদানকারী যে মাসে প্রথম পূর্ণ বেতন গ্রহণ করেন সেই মাসের বেতন হইতে বাধ্যতামূলকভাবে উপ-বিধি (১) এর অধীন নির্ধারিত কিস্তি ভিত্তিতে অগ্রিমের টাকা আদায় করা হইবে।

১৫। **চাঁদাপ্রদানকারী কর্তৃক সাধিত ক্ষতি, ইত্যাদি পূরণের ব্যবস্থা।**—কোন চাঁদাপ্রদানকারীর কৃতকার্যের ফলে বা তৎকর্তৃক করণীয় কাজ না করার ফলে পরিষদের কোন আর্থিক ক্ষতি সাধিত হইলে, সরকার বা সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে, তাহার ভবিষ্য-তহবিল-হিসাবে সঞ্চিত অর্থ হইতে উক্ত ক্ষতি পূরণ করা যাইবে এবং এইরূপ ক্ষেত্রে প্রয়োজনবোধে তহবিল হইতে চাঁদাপ্রদানকারীর প্রাপ্য অর্থ পরিশোধ, বিধি ১২ এর বিধান সাপেক্ষে, স্থগিতও রাখা যাইবে।

১৬। **জীবন বীমা পলিসির টাকা পরিশোধ।**—(১) কোন চাঁদাপ্রদানকারী কোন বীমা পলিসির প্রিমিয়াম পরিশোধ বা এককালীন ক্রয়যোগ্য বীমা পলিসির অর্থ পরিশোধ করিবার উদ্দেশ্যে অগ্রিম গ্রহণ করিতে পারিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীনে কোন টাকা গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী প্রযোজ্য হইবে, যথাঃ—

(ক) টাকা গ্রহণের পূর্বেই হিসাব রক্ষণ কর্মকর্তার নিকট উক্ত বীমা পলিসির যাবতীয় তথ্য সরবরাহ করিয়া টাকা গ্রহণের যথার্থতা সম্পর্কে উক্ত কর্মকর্তাকে সন্তুষ্ট করিতে হইবে।

(খ) বীমা পলিসি গ্রহণের পর বার মাস অতিক্রান্ত হইয়া থাকিলে, এই বিধির অধীনে টাকা প্রদান করা যাইবে না;

(গ) টাকা গ্রহণের তারিখ হইতে ছয় মাসের মধ্যে প্রদেয় প্রিমিয়াম পরিশোধের জন্য প্রয়োজনীয় টাকার অতিরিক্ত টাকা প্রদান করা যাইবে না;